# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৮০

১৫/ কিতাবুল জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ১৮২. মহিলা রোগীদের সেবা প্রসঙ্গে।

باب عِيَادَةِ النِّسَاءِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا يَحْيَى، ح وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا عُثْمَانُ بْنُ عُمَرَ، ـ قَالَ أَبُو دَاوُدَ وَهَذَا لَفْظُ ابْنِ بَشَّارٍ ـ عَنْ أَبِي عَامِرٍ الْخَزَّازِ، عَنِ ابْنِ أَبِي مُلَيْكَةَ، عَنْ عَائِشَةَ، قَالَتْ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنِّي لأَعْلَمُ أَشَدَّ آيَةٍ فِي الْقُرْآنِ قَالَ " أَيَّةُ آيَةٍ يَا عَائِشَةُ " . قَالَتْ قَوْلُ اللَّهِ تَعَالَى ( مَنْ يَعْمَلْ سُوءًا يُجْزَ بِهِ ) قَالَ " أَمَا عَلِمْتِ يَا عَائِشَةُ أَنَّ الْمُؤْمِنَ تُصِيبُهُ النَّكْبَةُ أَوِ الشَّوْكَةُ فَيُكَافَأُ بِأَسْوَإِ عَمَلِهِ وَمَنْ حُوسِبَ عُذِّبَ " . قَالَتْ أَلَيْسَ اللَّهُ يَقُولُ ( فَسَوْفَ يُحَاسَبُ حِسَابًا يَسِيرًا ) قَالَ " ذَاكُمُ الْعَرْضُ يَا عَائِشَةُ مَنْ نُوقِشَ الْحِسَابَ عُذِّبَ " . قَالَ أَبُو دَاوُدَ وَهَذَا لَفْظُ ابْنِ بَشَّارٍ قَالَ أَخْبَرَنَا ابْنُ أَبِي مُلَيْكَةَ .

বাংলা

৩০৮০. মুসাদ্দাদ (রহঃ) ..... আইশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমি জিজ্ঞাসা করি, ইয়া রাসূলাল্লাহ! আমি কুরআনের সব চাইতে কঠিন আয়াত সম্পর্কে অবহিত আছি। তখন তিনি জিজ্ঞাসা করেনঃ হে আইশা! তা কোন আয়াত? তিনি বলেনঃ তা আল্লাহ্‌র এ বাণীঃ

مَنْ يَعْمَلْ سُوءًا يُجْزَ بِهِ

অর্থাৎ যে ব্যক্তি কোন খারাপ কাজ করবে, তাকে এর বিনিময় দেওয়া হবে।

তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ হে আইশা! তুমি কি এ অবগত নও যে, যখন কোন মুসলিমের উপর কোন বিপদ আসে, বা সে কাঁটাবিদ্ধ হয়, তখন তা তার বদ-আমলের জন্য কাফফারা স্বরূপ হয়ে যায়? অবশ্য যার হিসাব (কিয়ামতের দিন) নেওয়া হবে, তাকে আযাব দেওয়া হবে। তখন আমি জিজ্ঞাসা করিঃ আল্লাহ্ কি এরূপ বলেন নিঃ

فَسَوْفَ يُحَاسَبُ حِسَابًا يَسِيرًا

অচিরেই সহজভাবে হিসাব নেওয়া হবে।

তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ হে আইশা! এর অর্থ হলোঃ আমল পেশ করে দেওয়া। অবশ্য যার হিসাব গ্রহণের ব্যাপারে কঠোরতা অবলম্বন করা হবে, তাকে অবশ্যই আযাব দেওয়া হবে।

## English

Narrated 'Aishah:

I said: Messenger of Allah, I know the severest verse in the Qur'an. He asked: What is that verse. A'ishah? She replied: Allah's words: "If anyone does evil, he will be requited for it." He said: Do you know A'ishah, that when a believer is afflicted with a calamity or a thorn, it serves as an atonement for his evil deed. He who is called to account will be punished. She said: Does Allah not say: "He truly will recieve an easy reckoning." He said: This is the presentation, A'ishah. If anyone criticized in reckoning, he will be punished.

Abu Dawud said: This is the version of Ibn Bashshar. He said: Ibn Abi Mulaikah narrated to us.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ▯ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=35187

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন